গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩২.০০.০০০০.০৬০.০৫.০০২.১৮-৩১১ তারিখঃ ০৪/১২/২০১৯

বিষয়ঃ **মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৯ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৯ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ১২/১১/২০১৯ তারিখে বাংলাদেশ শিশু একাডেমীর সভা কক্ষে অনুষ্ঠিত হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম ফজিলাতুন নেসা এমপি, উক্ত সভায় সভাপতিত্ব করেন। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

৪/১২/২০১৯
(কিসমত জাহান ফেরদৌসি)
সিনিয়র সহকারী প্রধান।
☎ ৯৫৭৪১৯৯

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

১। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। বিভাগ প্রধান,আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক, জয়ীতা ফাউন্ডেশন ৪০৫/বি, রোড#২৭(ওলড)১৬(নিউ),ধানমন্ডি,ঢাকা-১২০৯।
১০। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
১১। মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১২। মহা-পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর এলাকা, ঢাকা।
১৩। নির্বাহী পরিচালক, এফপিএবি,২ নয়া পল্টন ঢাকা।
১৪। চেয়ারম্যান/নির্বাহী পরিচালক, ঢাকা কমিনিউটি হাসপাতাল, ১৯০/১ বড় মগবাজার, ওয়ারলেস গেট, ঢাকা-১২১৭।
১৫। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৬। অতিঃ-সচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং ও অডিট সার্কেল, পণপূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। প্রকল্প পরিচালক,"২১টি জেলার সুবিধাবঞ্চিত নারী ও শিশুর প্রাথমিক স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান'' শীর্ষক প্রকল্প এফপিএবি,২ নয়া পল্টন ঢাকা।
২০। প্রকল্প পরিচালক, ''নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টি সেক্টরাল প্রোগ্রাম (৩য় পর্যায়)'', মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
২১। উপ সচিব (বাজেট ও অডিট) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। উপ-প্রধান/উপ-প্রধান (পরিকল্পনা-২/৩ শাখা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সিনিয়র সহঃ-সচিব (উন্নয়ন-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২৫। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ১৫, আব্দুল গণি রোড, ঢাকা।
২৬। উপ-পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন), মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
২৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (পরিঃ ও উন্নঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Minutes Fowarding

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মাননীয় প্রতিমন্ত্রী বেগম ফজিলাতুন নেসা এমপি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
স্থানঃ বাংলাদেশ শিশু একাডেমীর সভা কক্ষ।
তারিখঃ ১২/১১/২০১৯।
সময়ঃ বেলাঃ ১১.০০ টা।
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট-'ক'।

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বলেন যে, প্রকল্পের কাজের গুনগতমান বজায় রেখে আর্থিক অগ্রগতি সন্তোষজনক রাখতে হবে। ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত জাতীয় গড় অগ্রগতি (১৪.২৫%) এর চেয়ে মন্ত্রণালয়ের গড় অগ্রগতি ১৫.৩৯% বেশী হওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন এবং এর ধারাবাহিকতা বজায় রাখার নির্দেশ দেন। অত:পর কার্যপত্র অনুযায়ী প্রতিটি প্রকল্পের অগ্রগতি সংক্ষেপে উপস্থাপনের জন্য সভাপতি উপ-প্রধান-(পরিঃ) কে আহবান জানান। তাঁর অনুমতিক্রমে উপ-প্রধান-(পরিঃ) অক্টোবর, ২০১৯ পর্যন্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পাওয়ার পয়েন্টে সংক্ষেপে উপস্থাপন করেন।

২। **আলোচনা :**

উপ-প্রধান (পরিঃ) সভাকে জানান যে, ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)তে এ মন্ত্রণালয়ের অধীনে মোট ২৪টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে যার মোট বরাদ্দ ৫৪২৮২.৭৩ লক্ষ টাকা (জিওবি-৪৯২৬২.৭৩ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৫০২০.০০ লক্ষ টাকা)। এ বরাদ্দের বিপরীতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট অর্থ অবমুক্ত করা হয়েছে ১৪৮২০.৪১ লক্ষ টাকা (জিওবি-১৩৭৭০.৪৯ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১০৪৯.৯২ লক্ষ টাকা) এবং ব্যয় হয়েছে ৮৩৫৩.২৩ লক্ষ টাকা (জিওবি ৭৩৫৮.৮১ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য-৯৯৪.৪২ লক্ষ টাকা) যা মোট বরাদ্দের ১৫.৩৯%। অত:পর উপ-প্রধান (পরিঃ) মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি এবং জয়িতা ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি ধারাবাহিকভাবে পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন।

৩। **এডিপিতে অন্তর্ভুক্ত অনুমোদিত বাস্তবায়নাধীন প্রকল্পভিত্তিক সংক্ষিপ্ত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ**

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
	মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প		

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
১।	নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টি-সেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্ব) প্রকল্প মেয়াদঃ (০১/০৭/২০১৬-৩০/০৬/২০২১) মোট-১১৫০৮.০০ লক্ষ টাকা (জিওবি ৮৭৪৮.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২৭৬০.০০ লক্ষ টাকা) (জিওবি ও ডানিডা অনুদান)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২৭৩৮.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২০৩১.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৭০৭.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ৬৯৫.৭৯ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৬২৭.১৭ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২২.৯১%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৫৩৬৮.৩৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৪৬.৬৫%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের গুনগতমান বজায় রেখে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্প হতে ওসিসি'র কার্যক্রম সম্পর্কে ৩০ সেকেন্ডের ১টি টিভিসি নির্মাণ করা হয়েছে। যৌন হয়রানী/নির্যাতনসহ যৌতুকের কারণে শারিরিক নির্যাতন প্রতিরোধ করতে জনগণকে সচেতন করার লক্ষ্যে দ্রুত মানসম্মত ১টি টিভিসি নির্মাণ করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। যৌন হয়রানী/নির্যাতনসহ যৌতুকের কারণে শারিরিক নির্যাতন প্রতিরোধ করতে দ্রুত মানসম্মত ১টি টিভিসি নির্মাণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। প্রকল্প পরিচালক।
২।	Strengthening Gender Responsive Budgeting in Bangladesh শীর্ষক প্রকল্প মেয়াদঃ০১/০৭/২০১৭ - ৩০/০৬/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৪২১.০৭ লক্ষ টাকা (জিওবি-৩৭০.৪৭ এবং ৫০.৬০ UN-Women)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৮৭.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৭২.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৫.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ১৮.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১২.৫০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১৪.৩৭%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩১.০০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৭.৩৬%। সভায় জানানো হয় যে, প্রকল্প পরিচালক পিএটিসি-তে প্রশিক্ষণরত বিধায় সাময়িকভাবে প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য যুগ্ম-সচিব (প্লাউ)-কে দায়িত্ব দেয়াসহ প্রকল্পের মেয়াদ ১ বছরের বৃদ্ধিপূর্বক ডিপিপি সংশোধনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। সাময়িকভাবে প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য যুগ্ম-সচিব (প্লাউ)কে দায়িত্ব দিতে হবে। ২। ১ বছর মেয়াদ বৃদ্ধিসহ ডিপিপি সংশোধনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। প্রকল্প পরিচালক।
৩।	এক্সিলারেটিং প্রোট্রেকশান ফর চিলড্রেন (এপিসি) শীর্ষক প্রকল্প, মেয়াদঃ ০১/০৭/১৭-৩০/০৬/২০২১ পর্যন্ত, মোট ব্যয় ১১৫০৬.৪৮ (জিওবি-৬৬৬.৩৮ এবং ১০৮৪০.১০ UNICEF) লক্ষ টাকা)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৭৫৫.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৪৫.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৬১০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ৪৮৯.৪৮ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪৩৬.১৮ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২৬.৫৬%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩৯৯২.৯২ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩৪.৭০%। প্রকল্প পরিচালক জানান যে, ক্লাব পরিচালনার জন্য ১১টি মডিউল এর মধ্যে অবশিষ্ট ১টি প্রশিক্ষণ মডিউলের প্রণয়নের কাজ প্রায় শেষের দিকে। ক্লাব পরিচালনার জন্য অবশিষ্ট ১টি	**সিদ্ধান্তঃ** ১। ক্লাব পরিচালনার জন্য অবশিষ্ট ১টি প্রশিক্ষণ মডিউল দ্রুত সম্পন্ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। প্রকল্প পরিচালক।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
		প্রশিক্ষণ মডিউল দ্রুত সম্পন্নের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।	
৪।	**"২১টি জেলার সুবিধাবঞ্চিত নারী ও শিশুর প্রাথমিক স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান"** শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০৭/১৮-৩০/০৬/২০২১ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৯৮৩৩.৯৫ লক্ষ টাকা জিওবি ৬৫৩৩.১২ সংস্থার নিজস্ব অর্থায়ন ৩৩০০.৮৩ লক্ষ টাকা	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৯৭০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৯৭০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ১১৭৯.৫৪ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৫৭৮.৬৪ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২৯.৩৭%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩৮২৭.১৩ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৫৮.৫৮%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অগ্রগতি ভাল। ষ্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের ক্রয় প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অবিলম্বে আহবানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা দ্রুত আহবান করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। প্রকল্প পরিচালক।
	মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প		
৫।	ইনকাম জেনারেটিং একটিভিটিস অফ উইমেন এ্যাট উপজেলা লেভেল প্রকল্প মেয়াদঃ (০১/০১/২০১৭ - ৩১/১২/২০২০ পর্যন্ত,) মোট ২৮৩২২.৬০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৯০৭২.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৯০৭২.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ২২৬৮.০৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২১৩৬.১৪ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২৩.৫৫%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১২৬০৬.৩৪ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৪৪.৫১%। প্রকল্প পরিচালক জানান যে, আউটসোর্সিং খাতে জনবল নিয়োগ সংক্রান্ত মামলা চলমান রয়েছে। প্রকল্পের গুনগতমান বজায় রাখতে মাঠ পর্যায়ে ট্রেনিং কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থীগণ অনলাইনে রেজিষ্ট্রেশন শুরু করেছেন। প্রকল্পের ডিপিপিতে ডিসপ্লেসেন্টার, ইম্প্যাক্ট ষ্ট্যাডিসহ আইনখাতের জন্য অর্থ সংস্থান রাখার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন। এ ছাড়া, প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা দ্রুত আহবানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। প্রকল্পে ডিসপ্লেসেন্টার, ইম্প্যাক্ট ষ্ট্যাডিসহ আইনখাতে অর্থ সংস্থান রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা দ্রুত আহবান করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক।
৬।	কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প মেয়াদঃ (০১/০৪/২০১৮ -	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৭০০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৭০০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ১৭৫০.০০ লক্ষ টাকা	**সিদ্ধান্ত :** ১। প্রকল্পের মাঠ পর্যায়ের ক্লাবসমূহ দ্রুত চালু করাসহ ক্লাবসমূহের কার্যক্রম

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
	৩১/১২/২০২০ পর্যন্ত,) মোট ৫৫১৫৬.০০ লক্ষ টাকা।	অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২২.৬১ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ০.৩২%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১২১০.৫০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ২.১৯%। সভায় জানান হয় যে, প্রকল্পের অনুকূলে জনবল নিয়োগের কাজ শীঘ্রই সম্পন্ন হবে এবং মাঠ পর্যায়ে ক্লাবসমূহ দ্রুত উদ্বোধন করা হবে। প্রকল্পের মাঠ পর্যায়ের ক্লাবসমূহ দ্রুত চালু করাসহ ক্লাবসমূহের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	সঠিকভাবে মনিটরিং করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক।
৭।	সোনাইমুড়ী, কালীগঞ্জ, আড়াই হাজার ও মঠবাড়ীয়া উপজেলায় কর্মজীবি মহিলা হোষ্টেল ও ট্রেনিং সেন্টার স্থাপন প্রকল্প মেয়াদঃ (০১/০৭/২০১৪ - ৩০/০৬/২০২০ পর্যন্ত,) ৪৭৭৫.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩২৭.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩৮২১.৮২ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৮০.০৪%। সভায় জানানো হয় যে, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবান করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। উন্নয়ন অধিশাখা, মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক। ৪। গণপূর্ত বিভাগ।
৮।	২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প মেয়াদঃ (০১/০৩/১৬ - ২৮/০২/২০২১ পর্যন্ত) ৫৯৮৮.৪৯৮ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১১৭৪.০০ লক্ষ টাকা। (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ৫৮৭.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৩৫২.৩৫ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৩০.০১%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৯১৯.৪৬ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩২.০৬%। সভায় জানানো হয় যে, প্রকল্প পরিচালক পিআরএল-এ রয়েছেন। প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার জন্য দ্রুত একজন প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। প্রকল্পের কার্যক্রম চলমান রাখার জন্য দ্রুত একজন প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। উন্নয়ন অধিশাখা, মশিবিম ২। মহা-পরিচালক, মবিঅ।
৯।	গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবি মহিলা হোষ্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র প্রকল্প মেয়াদঃ (০১/০৭/১৬ - ৩০/০৬/২০২০ পর্যন্ত) প্রাক্কলিত ব্যয়ঃ ১৯১৫.০২৮ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২১২.৭৩ লক্ষ টাকা, (সম্পুর্ণ জিওবি)। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৬৫৯.৮৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৮৬.৬৮%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অনুকূলে থোক হতে ২১২.৭৩ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেছে। সে অনুযায়ী চলতি অর্থ বছরের মধ্যে প্রকল্পের অসমাপ্ত কাজসমুহ সঠিকভাবে সম্পন্ন করা হচ্ছে। ৩০ জুন, ২০২০-এ প্রকল্প সমাপ্তির পর অন্যান্য কর্মজীবি মহিলা হোষ্টেল পরিচালনার মত এ হোষ্টেল	**সিদ্ধান্ত :** ১। প্রকল্পের অসমাপ্ত কাজসমুহ সঠিকভাবে সম্পন্ন করতে হবে। অন্যান্য কর্মজীবি মহিলা হোষ্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্রের মতো এ প্রকল্পের সমাপ্তির পরে রাজস্ব খাত হতে ব্যয় নির্বাহের এখন থেকে কার্যক্রম শুরু করতে

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
		পরিচালনার কার্যক্রম রাজস্ব খাত হতে ব্যয় নির্বাহে এখন থেকে কার্যক্রম শুরু করতে হবে।	হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক। ৪। গণপূর্ত বিভাগ।
১০।	মিরপুর ও খিলগাঁও কর্মজীবি মহিলা হোষ্টেল উর্ধবমূখী সম্প্রসারণ প্রকল্প মেয়াদঃ (০১/০৭/১৬ - ৩০/০৬/২০২০ পর্যন্ত) প্রাক্কলিত ব্যয়ঃ ৩৯৩৭.৫৫ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩৫৩.০০লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ২৩৮৮.৭৭ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৬০.৬৭%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান। প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবান করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২।মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক।
১১।	Accelerating Action to End Child Marriage in Bangladesh শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/১১/১৭-০১/১০/২০১৯ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৪৩৫.০০ লক্ষ টাকা (PA-UNFPA)। লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৫৪.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ০.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৫৪.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ২৯.৭৩ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৯.৭৩ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৫৫.০৬%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ২১৮.০৪ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৫০.১৪%। প্রকল্প পরিচালক সভাকে জানান, মাঠ পর্যায়ের কাজ চলমান। বিভাগীয় বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিএসপিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের সংশোধিত টিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। প্রকল্পের সংশোধিত টিপিপি মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১।মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক। ৩।UNFPA-এর প্রতিনিধি।
১২।	নীলক্ষেত কর্মজীবি নতুন মহিলা হোষ্টেল নির্মাণ এবং দেশের বিভিন্ন জেলায় বিদ্যমান কর্মজীবি মহিলা হোষ্টলসমুহের অধিকতর উন্নয়ন শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০৭/১৭ - ৩০/০৬/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১০০১.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২০৩১.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৪৭৪.১৩ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ১৩.১৮%। নীলক্ষেত কর্মজীবি নতুন মহিলা হোষ্টেল নির্মাণের ক্ষেত্রে নক্সায় প্রতিটি কক্ষের সাথে ঝুল বারান্দা অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি সভাকে জানান। নীলক্ষেত কর্মজীবি নতুন মহিলা হোষ্টেলের সংশোধিত ডিপিপি দ্রুত	**সিদ্ধান্ত :** ১। নীলক্ষেত কর্মজীবি নতুন মহিলা হোষ্টেলের সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
	৩৫৯৭.৪৮ লক্ষ টাকা।	মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	৩। প্রকল্প পরিচালক।
১৩।	Advancement of Women`s Rights শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/১১/১৭-৩১/১২/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৬৭৭.২২ লক্ষ টাকা (PA-UNFPA)।	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২০৮.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ০.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২০৮.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ৬৯.৪৬ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৬৯.৩০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৩৩.৩২%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ২৩৬.৬৬ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩৪.৯৫%। প্রকল্প পরিচালক জানান যে, মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের মাধ্যমে নারী নির্যাতন সম্পর্কিত Action Plan এর মনিটরিং ও ইভ্যালুয়েশন ট্যুল প্রণয়নের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। প্রকল্পের মাধ্যমে নারী নির্যাতন সম্পর্কিত Action Plan এর মনিটরিং ও ইভ্যালুয়েশন ট্যুল প্রণয়ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক।
১৪।	National Resilience Programme শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০১/১৮-৩১/০৩/২০২১ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ২৮৬২.৩৬ লক্ষ টাকা (জিওবি ২৫৮.৯৪ লক্ষ টাকা PA-২৬০৩.৪২ লক্ষ টাকা UN Women)।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৮৬৬.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১১৫.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৭৫১.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ২১০.৩৩ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১৪৯.৯০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১৯.৯৬%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৫৭৪.২৯ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ১৪.৫৮%। সভায় জানানো হয় যে, প্রকল্প পরিচালকের বদলীজনিত কারণে নতুন একজন প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। নতুন একজন প্রকল্প পরিচালক দ্রুত নিয়োগের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। একজন নতুন প্রকল্প পরিচালক দ্রুত নিয়োগ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ।
১৫।	"নার্সিং বিষয়ে মহিলাদের জন্য ঢাকায় কমিউনিটি নার্সিং ডিগ্রী কলেজ স্থাপন" শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০৭/১৭-৩০/০৬/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ২২১২.২৬ লক্ষ টাকা জিওবি ১২৫০.২৬ সংস্থার নিজস্ব অর্থায়ন ৯৬২.০০) লক্ষ টাকা	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১০৯৫.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১০৯৫.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ০.০০%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৫.০৪ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ০.১৩%। সভায় জানানো হয় যে, গত ০৫/০৯/২০১৯ তারিখে ষ্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ষ্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের ওপর পরবর্তী পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। ০৫/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত ষ্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
১৬।	ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেভেল গ্রুপ ডেভেলপমেন্ট (ICVGD)(২য় পর্যায়) শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০৭/২০১৯-৩০/০৬/২০২২ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ মোট-৩১৭২৭.২৬ লক্ষ টাকা (জিওবি ৩০০৫৩.৩৮ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৬৭৩.৮৮ লক্ষ টাকা)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে নতুন প্রকল্প হিসেবে প্রকল্পটি অনুমোদিত হয়েছে। প্রকল্পটির অনুকূলে সাময়িকভাবে একজন প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। প্রেষনে একজন প্রকল্প পরিচালক প্রদানে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, এ অর্থ বছরে এ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের থোক বরাদ্দ থেকে মোট ২২১৮.৬৫ লক্ষ টাকা (জিওবি ২০০০.৯০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২১৭.৭৫ লক্ষ টাকা) প্রদানের জন্য পরিকল্পনা কমিশনে পত্র দেয়া হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা প্রণয়ন করে সঠিকভাবে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রকল্পের কার্যক্রম সার্বিকভাবে বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। প্রকল্প পরিচালক।
১৭।	"উপকূলীয় জনগোষ্ঠীর বিশেষত জলবায়ু পরিবর্তনজনিত লবক্ততা মোকাবেলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০১/২০১৯-৩১/১২/২০২৪ প্রাক্কলিত ব্যয়ঃ ২৭৬৮৬.৭১ লক্ষ টাকা জিওবি ৬৭১৬.০০ প্রকল্প সাহায্য ২০৯৭০.৭১ লক্ষ টাকা(গ্রীণ ক্লাইমেট ফান্ড)	সভাকে অবহিত করা হয় যে, ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে নতুন প্রকল্প হিসেবে প্রকল্পটি অনুমোদিত হয়েছে। মহা-পরিচালক জানান যে, প্রকল্পটির অনুকূলে প্রকল্প পরিচালক নিয়োগের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে এ মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের থোক বরাদ্দ থেকে অর্থ বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনে পত্র দিতে হবে। এ অর্থ বছরে এ মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের উন্নয়ন বাজেটের থোক বরাদ্দ থেকে অর্থ বরাদ্দ প্রদানসহ প্রকল্পে একজন প্রকল্প পরিচালক দ্রুত নিয়োগের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। প্রকল্পে একজন নতুন প্রকল্প পরিচালক দ্রুত নিয়োগ করতে হবে। ২। . **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক।
		জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প	

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
১৮।	জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (৬৪ জেলা) মেয়াদঃ (০১/০৭/২০১৩ - ৩০/০৬/২০২১ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ৮৬৯৭.৫১ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১২০৫.০০ লক্ষ টাকা, যার সম্পুর্ণ জিওবি। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ৬০২.৫০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪২৪.৬১ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৩৫.২৪%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৬২৫৭.৪৭ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯১.৯৫%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অগ্রগতি ভালো। বরাদ্দ অনুযায়ী চলতি অর্থ বছরে সঠিকভাবে কার্যাদি সম্পন্ন করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। বরাদ্দ অনুযায়ী চলতি অর্থ বছরে সঠিকভাবে কার্যাদি সম্পন্ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১।নির্বাহী পরিচালক, জামস। ২। প্রকল্প পরিচালক।
১৯	অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন (৩য় পর্যায়) মেয়াদঃ০১/০৭/২০১৫-৩০/০৬/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৯২৪৯.৪৩ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৯৬১.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৯৬১.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ২৪০.২৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৪০.২০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২৪.৯৯%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৮৫২৮.৭০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯২.২১%। প্রকল্প পরিচালক জানান যে, মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ চলমান রয়েছে। ২য় সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ২য় সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত:** ১। ২য় সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২।নির্বাহী পরিচালক, জামস। ৩।প্রকল্প পরিচালক।
২০।	নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) মেয়াদঃ (০১/০৭/১৬ - ৩০/০৬/২০২০ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ৮৬১৫.০০ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২০৬৪.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২০৬৪.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ১০৩২.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪৯০.৩৬ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২৩.৭৬%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৫২৬০.১৭ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৬১.০৬%। সভায় জানানো হয় যে, মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ চলমান রয়েছে। ১ম সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ১ম সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত:** ১। ১ম সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২।নির্বাহী পরিচালক, জামস। ৩।প্রকল্প পরিচালক।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
২১।	"তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)"শীর্ষক প্রকল্প মেয়াদঃ (০১/০৪/১৭-৩১/০৩/২০২২ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ৫৪,৪৯০.৭৪ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩০০০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৩০০০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ৩২৫০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৪২৯.৫৩ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১৮.৬৯%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১১২৯৮.৪৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ২০.৭৩%। প্রকল্প পরিচালক জানান যে, মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ চলমান রয়েছে। স্বাস্থ্য সংশ্লিষ্ট ডিভাইস চলতি মাসে মাঠ পর্যায়ে পাঠানো হবে। কাজের গুনগতমান বজায় রেখে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। কাজের গুনগতমান বজায় রেখে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২।নির্বাহী পরিচালক, জামস। ৩।প্রকল্প পরিচালক।
		বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প	
২২।	"শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (৩য় পর্যায়)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প মেয়াদঃ (০১/১০/২০১৮-৩১/১২/২০২০ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ৫০২৮.৪৪ লক্ষ টাকা (জিওবি-৮৭৮.৪৪ লক্ষ টাকা ও ইউনিসেফ ৪১৫০.০০ লক্ষ টাকা)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৯৬৩.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২৮৮.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৬৭৫.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ৯২.৬৩ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৪.২২ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১.২৩%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩৬৩.০৫ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৮.৭৫%। প্রকল্প পরিচালক জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের গুনগতমান বজায় রেখে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। গুনগতমান বজায় রেখে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। পরিচালক, বাশিএ।
		জয়িতা ফাউন্ডেশন (জে.এফ)-এর প্রকল্প	
২৩।	জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প মেয়াদঃ (০১/০৪/২০১৮ - ৩১/০৩/২০২১ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ১৫৪২৫.০০ লক্ষ টাকা (জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২১৭৭.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২১৭৭.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ৩৭.৭০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৬.৪৪ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ০.৩০%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১২৪.৮৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ০.৮১%।	**সিদ্ধান্তঃ** ১। ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবান করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। ব্যবস্থাপনা পরিচালক, জফা। ২। প্রকল্প পরিচালক।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
		প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন কাজ শ্লথগতির জন্য সচিব মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	
২৪।	জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প মেয়াদঃ (০১/০১/২০১৯ - ৩১/১২/২০২৩ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ২৬২৯৯.৪৫ লক্ষ টাকা (জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৩০০০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৩০০০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের অক্টোবর, ২০১৯ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ২২.৪৮ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ০.৭৫%। প্রকল্পের শুরু হতে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৬৮.২৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ০.৬৪%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবান করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। ব্যবস্থাপনা পরিচালক, জফা। ২। প্রকল্প পরিচালক।

৪। বিবিধঃ

ক) সঠিকভাবে কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা ও ষ্টিয়ারিং কমিটির সভা আহবানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন (বাস্তবায়নে: সংস্থাসমূহ ও পরিকল্পনা অধিশাখা)।

সিদ্ধান্তঃ

ক) সঠিকভাবে কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা ও ষ্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে।

৫। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১.১২.২০১৯

(বেগম ফজিলাতুন নেসা এমপি,)
মাননীয় প্রতিমন্ত্রী